## অর্থ মন্ত্রণালয়
## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ
## ক্ষুদ্রঋণ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩/০৯ জুলাই ২০২৬

**নং ৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৫.২৬-১৪০**—সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ)-এর সংঘবিধির ৩৭ ধারার প্রদত্ত ক্ষমতাবলে নিম্নের ছকে বর্ণিত প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট পদধারীদের এসডিএফ-এর সাধারণ পর্ষদের সদস্য পদে যোগদানের তারিখ হতে ০৩ (তিন) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো:

| ক্রম | প্রতিষ্ঠান ও পদবি | নিয়োগের পদনাম | মেয়াদকাল (নিয়োগের তারিখ থেকে) |
|---|---|---|---|
| ১. | অতিরিক্ত সচিব (বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য | ৩ বছর |
| ২. | মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য | ৩ বছর |
| ৩. | মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য | ৩ বছর |
| ৪. | মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো | সদস্য | ৩ বছর |
| ৫. | মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো | সদস্য | ৩ বছর |
| ৬. | ব্যবস্থাপনা পরিচালক, এসএমই ফাউন্ডেশন | সদস্য | ৩ বছর |
| ৭. | মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর | সদস্য | ৩ বছর |
| ৮. | এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি | সদস্য | ৩ বছর |
| ৯. | ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন | সদস্য | ৩ বছর |

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

## কেন্দ্রীয় ব্যাংক-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩/১৩ জুলাই ২০২৬

**নং ৫৩.০০.০০০০.০০০.৩১১.১১.০০০১.১৭.৪৫০**—Bangladesh Bank Order, 1972 (President's Order No. 127 of 1972)-এর Article 9(3)(d) অনুযায়ী অভ্যন্তরীণ সম্পদ বিভাগের বর্তমান ভারপ্রাপ্ত সচিব ও জাতীয় রাজস্ব বোর্ড এর ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব আহসান হাবিব-কে বাংলাদেশ ব্যাংক-এর পরিচালক পর্ষদে ০৩ (তিন) বছর মেয়াদে (বর্তমান পদে থাকা সাপেক্ষে) পরিচালক হিসেবে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ/১৩ জুলাই ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৩৭/২০২৬/কাস্টমস/৩৮৭**—কাস্টমস আইন, ২০২৩ এর ধারা ১২ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকায় অবস্থিত মেসার্স স্কাইলাক্স ডিউটি ফ্রি [বন্ড লাইসেন্স নং- ৭৬৭/কাস-পিবিডব্লিউ/২০১২, তারিখ: ২৫-০১-২০১২ খ্রি.) নামীয় শুল্কমুক্ত বিপণী (Duty Free Shop) এর অনুকূলে জাতীয় রাজস্ব বোর্ডের প্রজ্ঞাপন নং- ২৫/২০২৬/কাস্টমস/৩০৪, তারিখ: ০৩-০৬-২০২৬ খ্রি. এর মাধ্যমে ২০২৫-২০২৬ অর্থবছরের জন্য মঞ্জুরীকৃত আমদানি প্রাপ্যতার মেয়াদ, প্রতিষ্ঠানের আবেদন এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায়, আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লেখ্য, উক্ত বর্ণিত মেয়াদকালে আমদানিকৃত পণ্য পরবর্তী মেয়াদের আমদানি প্রাপ্যতার সাথে সমন্বয় করার শর্তে এ অনুমতি প্রদান করা হলো।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
## আইন ও বিচার বিভাগ
## বিচার শাখা-৭

### আদেশ

তারিখ: ১ শ্রাবণ ১৪৩৩/১৬ জুলাই ২০২৬

বিষয়: **টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার সহদেবপুর ইউনিয়নের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল মিয়া এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

**নং ১০.০০.০০০০.১৩১.১১.০৬৩.২০০২-১০৮**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল জেলার কালিহাতি উপজেলার সহদেবপুর ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মাওলানা মোঃ আব্দুল জলিল মিয়া বিবাহ নিবন্ধন বহিতে (রেজিস্টার নং এ, বালাম নং ০১/২০২১, পাতা নং ৯৬, ক্রমিক নং ২৪) রেজিস্ট্রিকৃত তর্কিত বিবাহের কাবিননামার ১৪ নং কলামের 'অর্ধেক' শব্দটি এবং ২৪ নং কলামের '০৪/০৩/২০২১ ইং' তারিখটি ভিন্ন ব্যক্তির ভিন্ন কলমের মাধ্যমে লিপিবদ্ধ করায় ও নিবন্ধনের সময় ১৩ নং কলামে দেনমোহরের পরিমাণের ঘর ফাঁকা রেখে বিবাহ রেজিস্ট্রি করে পরবর্তীতে সুবিধাজনক সময়ে তা লিপিবদ্ধ করার বিষয়টি সাব-রেজিস্ট্রার, ঘাটাইল, টাঙ্গাইল কর্তৃক তদন্তে প্রমানিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর ২২ (২) এর সুস্পষ্ট লঙ্ঘন তথা একই বিধিমালার বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় এবং এ প্রসঙ্গে

রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৬ সনের ৩৩ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ১৩, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং | | পৃষ্ঠা নং |
|---|---|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৬৬৩—৭০৬ | ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| | | ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৭ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৯৮৫—৯৯৯ | ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| | | (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| | | (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৬৯—৩১৬ | (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই | (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই | (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৯৯৭—১০২৩ | (৬) ......................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**মন্ত্রিপরিষদ বিভাগ**

**প্রশাসন ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৪ শ্রাবণ ১৪৩৩/১৯ জুলাই ২০২৬

**নং ০৪.০০.০০০০.০০০.৪১৮.২৭.০০০১.২৬.৩৫২**—যেহেতু, মন্ত্রিপরিষদ বিভাগের সাধারণ সেবা-১ অধিশাখার ২৬-১০-২০২৫ তারিখের ২৭২ সংখ্যক অনানুষ্ঠানিক নোটের মাধ্যমে জানানো হয় যে, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা, সাধারণ সেবা-১ অধিশাখা ০৬-০৮-২০২৫ তারিখ থেকে অদ্যাবধি কর্তৃপক্ষের বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তৎপরিপ্রেক্ষিতে ৩০-১০-২০২৫ তারিখে জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর নিকট কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। জনাব মোহাম্মদ আব্দুল্লাহ-এর কারণ দর্শানোর জবাব সন্তোষজনক না হওয়ায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮-এর ৩(গ) অনুযায়ী

২। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ২/২০২৫-এর অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ১৮-১২-২০২৫ তারিখে তার বরাবর প্রেরণ করা হয়। তিনি ৬-১-২০২৬ তারিখে তার বিরুদ্ধে গঠিত অভিযোগনামার লিখিত জবাব দাখিল করেন; এবং

৩। যেহেতু, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর দাখিলকৃত জবাব সন্তোষজনক না হওয়ায় রুজুকৃত বিভাগীয় মামলা নম্বর ২/২০২৫ এ আনিত অভিযোগের বিষয়ে তদন্তকার্য পরিচালনার জন্য ১৩-১-২০২৬ তারিখে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা তদন্তকার্য সম্পাদন করে ১০-২-২০২৬ তারিখে প্রতিবেদন দাখিল করেন। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোহাম্মদ আব্দুল্লাহ, প্রশাসনিক কর্মকর্তা-এর বিরুদ্ধে সরকারি